গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
www.doict.kuliarchar.kishoreganj.gov.bd

উপজেলা আইসিটি কমিটির মে, ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

**সভাপতি** : **সাবিহা ফাতেমাতুজ-জোহরা**
**উপজেলা নির্বাহী অফিসার**
**সভার তারিখ** : **০৬ মে ২০২৫ খ্রি.**
**সভার সময়** : **সকাল ০১.০০ ঘটিকা**
**স্থান** : **উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ**
**উপস্থিতি** : **পরিশিষ্ট 'ক'**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। অতঃপর উপজেলা আইসিটি কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন এবং দৃঢ়করণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টাল হালনাগাদকরণঃ** কুলিয়ারচর উপজেলার ওয়েবপোর্টাল হালনাগাদকরণ নিয়ে পর্যালোচনা করা হয়। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করণে করনীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরী খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য এবং সকল জনপ্রতিনিধি ও জনবলের তথ্যসহ সেবা গ্রহীতাদের সুবিধার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদ ও তা বহুল প্রচার করণে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২।প্রয়োজনীয় কারিগরি সহায়তার জন্য উপজেলা আইসিটি কর্মকর্তা কার্যালয়ে যোগাযোগ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ।<br><br>২। উপজেলা আইসিটি কর্মকর্তা।<br><br>৩। সংশ্লিষ্ট ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা। |
| ০২ | **জাতীয় তথ্য বাতায়ন-এর সাইবার সিকিউরিটি নিশ্চিতকরণ সংক্রান্তঃ**<br>জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত সাইটসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের বিস্তারিত আলোচনা হয়। | ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২৩ জানুয়ারি ২০২৫ তারিখের ৫৪ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক বর্তমান বাস্তবতার নিরিখে সাইবার সিকিউরিটি নিশ্চিতের লক্ষ্যে স্ব-স্ব দপ্তর কর্তৃক জাতীয় তথ্য বাতায়নে ডুয়াল সিকিউরিটি 2FA (Two Factor Authentication) সম্পন্ন করে লগইন সিস্টেম চালুকরণ নিশ্চিত করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান (সকল), কুলিয়ারচর, কিশোরগঞ্জ। |
| ০৩ | **ডি-নথি ব্যবহার সংক্রান্ত**<br>সভায় অবহিত করা হয় যে, অত্র উপজেলায় ডি-নথিতে লাইভে আছে মাত্র ০৪ টি অফিস। সকল অফিসগুলোকে ডি-নথি লাইভে নেয়ার বিষয়টি জরুরি বলে উপস্থাপন করা হলে উপস্থিত সকলে একমত রয়েছেন মর্মে মত প্রকাশ করেন। | শীঘ্রই সকল অফিসকে ডি-নথিতে লাইভে আনার ব্যবস্থা নিতে হবে। | ১। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৪ | **আইসিটিডি ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ**<br>কুলিয়ারচর উপজেলায় মোট ১২ টি আইসিটিডি ডিজিটাল ল্যাব রয়েছে। ল্যাবগুলো যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। আইসিটিডি ডিজিটাল ল্যাব ব্যবহার করে শিক্ষকগণ যাতে কন্টেন্ট তৈরি করতে পারেন এ বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। নিয়মিত ল্যাব পরিদর্শন করার জন্য অনুরোধ করা হন | আইসিটিডি ডিজিটাল ল্যাব তদারকি অব্যাহত রাখতে হবে। নিয়মিত ল্যাব পরিদর্শন করতে হবে এবং সে অনুযায়ী রিপোর্ট করতে হবে। | ১। উপজেলা আইসিটি কর্মকর্তা। |
| ০৫ | **আইসিটি ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত ব্যবহার, পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং নিরাপত্তা নিশ্চিতকরন।** | ১। আইসিটিডি ডিজিটাল ল্যাব সহ প্রতিদিন কমপক্ষে ৫/৬ ঘন্টা ব্যবহার করে ক্লাস পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ল্যাব সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন এবং নিয়মিত ব্যবহার করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়<br>৩। ল্যাবের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনে ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রতিষ্ঠান প্রধান, আইসিটিডি ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান, কুলিয়ারচর, কিশোরগঞ্জ। |
| ০৬ | **ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানে End User Connectivity প্রদান সংক্রান্তঃ** | ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানে End User Connectivity এর কাজ শুরু হয়েছে, Connectivity এর কাজ নিয়মিত তদারকি করতে হবে। | ১। উপজেলা আইসিটি কর্মকর্তা। |
| ০৭ | **উপজেলায় আইসিটি অফিস ও আইটিসি সেবা সেন্টার এর নির্মানকাজ সংক্রান্তঃ** | ইডিসি প্রকল্পের মাধ্যমে উপজেলা পরিষদ কমপ্লেক্সে উর্ধমুখী সম্প্রসারনের মাধ্যমে ৫ তালায় উপজেলা আইসিটি অফিস ও আইসিটি সেবা সেন্টার স্থাপন করা হবে। ইতিমধ্যে নির্মাণ কাজ শুরু হইয়েছে, নির্মাণ কাজ নিয়মিত তদারকি করতে হবে। | ১। উপজেলা ইঞ্জিনিয়ার।<br>২। উপজেলা আইসিটি কর্মকর্তা। |
| ০৮ | **সোশ্যাল মিডিয়া সংক্রান্তঃ**<br>সোশ্যাল মিডিয়া সংলাপে সরকারি নীতিমালা বা বিধিমালা অনুসরণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। সরকারি কর্মকর্তা/কর্মচারী সোশ্যাল মিডিয়ায় সরকারি নীতিমালা বা বিধিমালা মোতাবেক সতর্কতা অবলম্বন করে তথ্য উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৮/০৫/২৫

**(সাবিহা ফাতেমাতুজ-জোহরা)**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
কুলিয়ারচর, কিশোরগঞ্জ
unokuliarchar@mopa.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৪৮৫৪.০০০.০৬.০০১.২৫-৩৫ তারিখ: ০৬ মে ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।

৩) জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ।

৫) ......................................, সদস্য, উপজেলা আইসিটি কমিটি, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

৬) অফিস কপি।

০৬-০৫-২০২৫

**(মোঃ রাকিবুল হাসান)**
উপজেলা আইসিটি কর্মকর্তা
(সহকারী প্রোগ্রামার)
ও
সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি
কুলিয়ারচর, কিশোরগঞ্জ